# //ATTN// - Notice for the students

**Dear students**

**We have already uploaded five lecture sheets on Grammar item of English 2nd paper through elaborate discussion including learning outcome as per Pre-test English Exam syllabus so that you can continue your study in your preparation for the pre-test exam by staying home during this pandemic situation. Here in these lecture sheets along with specific topic discussion we have included some questions under each lecture sheet for practice. After the reopen of class activities in college we hope that you can show us the answer (home work) to the questions of each lesson in consecutive five English 2nd paper classes.**

**Stay home and be safe.**

(প্রিয় ছাত্র/ছাত্রী - আমরা ইতোমধ্যে ইংরেজি প্রাক-নির্বাচনি পরীক্ষা সিলেবাস অনুসারে ইংরেজি ২য় পত্রের **Grammar** এর উপর বিস্তারিত আলোচনা সহ শিখন ফল যুক্ত করে পাঁচটি লেকচার শীট ওয়েব সাইটে আপলোড করেছি যাতে করে এই করোনা মহামারী কালিন সময়ে বাসায় বসে তোমরা প্রাক-নির্বাচনি পরীক্ষা প্রস্তুতিকল্পে নির্বিঘ্নে লেখাপড়া করতে পার। তোমরা দেখেছ প্রতিটি লেকচার শীটে সুনির্দিষ্ট বিষয়ভিত্তিক আলোচনার পাশাপাশি কিছু প্রশ্ন দেয়া আছে। আমরা আশা করতে পারি যে, কলেজে পুনরায় শ্রেণি কার্যক্রম চালু হওয়ার পর তোমরা প্রশ্নের উত্তরগুলো(হোম ওয়ার্ক) আমাদেরকে পরপর পাঁচটি ইংরেজি ২য় পত্র ক্লাসে দেখাতে পারবে।)

সবাই ভালো থাক, বাসায় থাক এবং নিরাপদে থাক।

**With best wishes**

**Ferdosh Kabir**

**AMM Jayad**

# Lesson plan

**Chapter-5**

**No.of Class -5**

**Class-XII**

**Time 45**

## <u>ENGLISH 2ND PAPER</u>

## <u>TOPIC: GRAMMAR- READ THE TEXT AND FILL IN GAPS WITH CORRECT FORM OF VERBS AS PER SUBJECT AND CONTEXT</u>

## ❖LESSON PLAN -1

## ❖To introduce the question type of *CORRECT FORM OF VERB AS PER SUBJECT AND CONTEXT*

## CORRECT FORM OF VERB

**QUESTION TYPE**

**5. Read the text and fill in the gaps with the correct form of verbs as per subject and context. .5X10 = 05**

The benefits of reading newspaper (a) --- (be) many. It (b) – (give) you both pleasure and information.The news of all that happens in the world (c) --- (reach) us through newspapers. The conditions of various people of the world (d) --- (tell) through them. The economic situation of a country (e) ---- (describe) in them. The achievements of great men of science are given publicity through newspapers. Newspaper also (f) ---(contain) views on current topics. The speeches and comments on the new measures (g) --- (take) by the government (h) –(publish) timely in newspapers. There is also news about trade and commerce, games and sports, Newspapers also (i) --- (inform) you of all important matters and (j) – (help) you to from opinion on them.

## ❖LEARNING OUTCOME:

**(i) Students will learn how correct form of verb based question is set in the exam question paper.(পরীক্ষার প্রশ্নপত্রে correct form of verb based question টি কিভাবে দেয়া হয় সেটি জানতে পারবে।)**

**(ii) Regarding writing answer to this correct form of verb based question in exam answer script what students need to know is that they will only write the answer for each gap in the exam answer script. No need to write the whole passage given in the exam question paper with answer. (পরীক্ষার উত্তর পত্রে correct form of verb based question এর উত্তর লিখার ব্যাপারে ছাত্র/ছাত্রীরা জানতে পারবে পরীক্ষার খাতায় শুধু প্রশ্নের উত্তর লিখবে, কোনভাবেই পরীক্ষার খাতায় প্রশ্নে প্রদত্ত গোটা passageটা সহ উত্তর লিখার প্রয়োজন নেই।)**

**(iii) Sample answer to the question given above (উপরে প্রদত্ত প্রশ্নের নমুনা উত্তর।)**
**(a) Are (b) gives (c) reaches (d)are told (e) is described (f) contains (g)taken (h) are published (i) inform (j)help**

# ❖LESSON PLAN -2

❖ **Learning about how a verb is changed as per context(context অনুযায়ী verb কিভাবে পরিবর্তন হয় জানতে পারবে।)**

❖ **Knowing about different forms and kinds of verb (verbএর প্রকার এবং এর বিভিন্ন রুপ জানতে পারবে।)**

❖ **Introducing some rules regarding correct form of verbs as per context(context অনুযায়ী verb এর পরিবর্তন সম্পর্কিত কিছু নিয়মাবলীর সূত্রপাত ও আলোচনা।)**

বাক্যের মধ্যে অন্যান্য শব্দ না থাকলেও VERB নামক শব্দ থাকতে হবে।একটি passage এর মধ্যে ব্র্যাকেটে principal verb ও auxiliary verb দিয়ে তাদের সঠিক পরিবর্তন করতে বলা হয় subject ও context দেখে। verb মানেই হচ্ছে কাজ। এবং সেই verbটা ব্র্যাকেটের মধ্যে দেয়া থাকে এবং অনুবাদ করার সময় ব্র্যাকেটের মধ্যে যে verb দেয়া হয় সেটি সহ বাক্যটি অনুবাদ বা পড়ে যেতে হবে context বোঝার জন্য। context হচ্ছে পারিপার্শ্বিক অবস্থা বা প্রসঙ্গ বা প্রাসঙ্গিক বিষয় অর্থাৎ যে অবস্থায় বা সময়ে কোন কাজ সংগঠিত হয়। সুতরাং context বলতে কাজ ও সময়কে একসঙ্গে বোঝাবে। passage টা পড়ার সময় বা প্রতি বাক্য পড়ার সময় ব্র্যাকেটের verb সহ পড়তে হবে যাতে কাজ ও সময় একসঙ্গে পাওয়া যায়। আবার আমরা বলতে পারি verb এর মাধ্যমে যখন আমরা কাজ ও সময় একসঙ্গে পায় সেটিই হচ্ছে Tense (কাজ ও সময়)। এবং verb এর পরিপূর্ণ রুপ দেখে আমরা Tense চিনতে পারব। তাই context বলতে আমরা Tense কে বুঝব।

## <u>context বুঝে কিভাবে verb এর সঠিক পরিবর্তন (correct form of verb)করা যায় বা অনুবাদ করে tense কিভাবে চেনা যাবে ?</u>

১)যে কাজটি সবসময় হয়- অভ্যাসগত কারণে বা দৈনন্দিন জীবনের রুটিনমাফিক কারণে, সাধারণ সত্য বা সবসময়ের জন্য সত্য - এরকম কোন কাজ বুঝালে **present tense** হবে।অর্থাৎ **verb** এর **present form** হবে। **মনে রাখতে হবে- ব্র্যাকেটের verbটি সবসময় base form/ present form** এ দেয়া থাকে।

**Example : Cricket is a popular game. Both the young and the old (a) ---- (get) pleasure from this game. It (b) --- (entertain) --- us with politeness and discipline.**

২) যে কাজটি হয়ে গেল বা কোন কাজ ঘটে গেল বা কোন ঘটনার উল্লেখ থাকলে অর্থাৎ কোন কাজ অতীতে হলেই সেটা অনুবাদে বুঝা যাবে যে এটি **past tense. Verb** এর **past form** হবে।

**Example : (i) The English ----- (play) cricket here in this subcontinent. (ii) A poor man was once put in a jail, although he ---- (do) no wrong.**

৩)অনুবাদে কোন কাজ সামনে বা পরে 'হবে' বুঝালেই **future tense** হবে। এতে ব্র্যাকেটের **verb** এর পরিবর্তন হবে এরকম- **shall/will + verb** এর **present form**

**Example : If all the children of Bangladesh go to school, the country ---- (get) rid of the curse of illiteracy.**

৪)অনুবাদে কোন কাজ করা উচিত/অনুচিত বুঝালে **principal verb** এর **present form** এর পূর্বে **should/ should not** বসবে।এবং কোন কাজ করতে পারে বা পারেনা বুঝালে **principal verb** এর **present form** এর পূর্বে **can/ can not** বসবে।


**Example : (i) Parents are blessings of God to us. So we never ----- (offend) our parents**

**(ii) Drivers ----- (lessen) the road accidents if they drive their vehicles carefully.**

৫) অনুবাদ করার সময় বা বাক্যটি পড়ে বা **context** বুঝে যদি মনে হয় বাক্যটি **Negative sense** প্রকাশ করছে, এবং কোন কাজ **present tense** বুঝালে তাহলে ব্র্যাকেটের **principal verb** এর **present form** এর পূর্বে **subject** অনুযায়ী **do not, does not** এবং **past tense** হলে তাহলে ব্র্যাকেটের **principal verb** এর **present form** এর পূর্বে **did not** বসবে।

**বিশেষ দ্রষ্টব্য ### context বুঝে কিভাবে verb এর সঠিক পরিবর্তন (correct form of verb)করা যায় বা অনুবাদ করে tense কিভাবে চেনা যাবে ? - এ বিষয়ে রোলস ১৭থেকে -৩৪ পর্যন্ত আরও বিস্তারিত আলোচনা করা হয়েছে**

## Verb এর সংক্ষিপ্ত পরিচিতি



## ব্র্যাকেটে **principal verb** ও **auxiliary verb**থাকলে নিম্ন লিখিত পরিবর্তন হবে:-

**Principal verb এর পাঁচ রকমের পরিবর্তন:**

- **Principal verbএর present form**
- **principal verb present form এর সাথে 's'**
- **Principal verb এর past form**
- **Principal verb এর past participle**
- **principal verbএর ing**

**Auxiliary verb এর তিন রকমের পরিবর্তন:**

- **Be verb:**(am,is, are, was,were, been, be, being)
- **have verb**: (have,has, had,having)
- **do:do,does,did**

## Right form of verbs based on Tense/Context:- (Context বা Tense এর কারণে Verb এর সঠিক প্রয়োগ)

**Rules-16**: প্রত্যেক প্রকার **tense** এর গঠন প্রনালী জানতে হবে।

**Rules-17**: **Sentence** এর মধ্যে যদি **always, sometimes, naturally, frequently, often, regularly, daily, usually, generally, everyday** ইত্যাদি শব্দ থাকলে সময় না বুঝালেও অধিকাংশ ক্ষেত্রে **Present Indefinite tense** হয়।

**Rules-18**: অতীত কাল বুঝাতে বাক্যে **ago, previously, last night, yesterday, last year, last month, last week, long ago, long since,one day, once upon a time** ইত্যাদি শব্দ থাকলে **verb** এর **past form** হয়।

**Rules-19** : বাক্যে যদি **At present, at the moment, now, then** ইত্যাদি শব্দ থাকে তাহলে বাক্যটি **present continuous tense** হবে।

**Rules-20**: **Sentence** এ যদি **just, just now, already, recently** (সম্প্রতি), **lately**(সম্প্রতি), **ever** (কখনো), **yet** (এখনো), ইত্যাদি শব্দ থাকে **verb** টি, **present perfect tense** হবে।

**Rules-21**: কোন **Sentence** এ **tomorrow, tonight,**(আজরাত) **coming Sunday, next day, next week, later** প্রভৃতি শব্দ থাকলে **future tense** হবে।

**Rules-22**: **Modal auxiliary verb (may, might, can, could, should/ought to, must/have to, would, used to, need)** এর পর **principal verb** সবসময় **present form** এ হয়।

**Rules-23**: কিন্তু **Modal verb** এর সংগে **'be' verb** থাকলে তার পরে **principal verb** টি **past participle** হবে।

**<u>Rules-24</u>: Get, getting, having, has, be, being এর পরে মূল verb সবসময় past participle হবে।**

**<u>Rules-25</u>: কোন Simple sentence এ যদি দুটি verb থাকে তাহলে braket এর verb সাথে এর ing যোগ করতে হয়। তবে braket এর verb টি যদি এ্মন কোন noun/pronoun এর পরে বসে যে noun/pronoun নিজে কাজ করতে পারে তাহলে braket এর verb সাথে এর ing যোগ করতে হয়। Simple sentence এ মূল verb এর পরে দ্বিতীয় verb টির past participle ব্যবহৃত হবে যদি verb টি এমন কোন noun/pronoun এর পরে বসে যে noun/pronoun নিজে কাজ করতে পারেনা। <u>যেমন</u> : I saw the man working in the field. I bought a pen made in Japan.**

**<u>Rules-26</u> : বাক্যে যদি Can not help/could not help/ object to/ adhere to(লেগে থাকা) be used to/ with a view to (উদ্দেশ্য) / look forward to (আশা করা) / with a purpose to/ aim at/ would you mind (অনুরোধ বুঝাতে) / mind/ addicted to/ feel like/while প্রভৃতি শব্দ থাকলে verb এর সাথে ing যুক্ত হয়।**

**<u>Rules-27</u>: Sentence এ wish/ fancy, it is time, it is high time ইত্যাদির পরে verb এর past tense হয়।**

# <u>Right form of verbs based on Conjunction/ Linkingwords (Conjunction/ Linkingwords এর কারণে Verb এর সঠিক প্রয়োগ)</u>

**<u>Rules-28</u>: 'And' যুক্ত দুটি বাক্যে প্রথমটি যে tense এ হবে পরবর্তী বাক্যটিও সে tense হবে।**

**<u>Rules-29</u>: Complex sentence (though, although, since, as, because) এবং Compound sentence (and, or, but,) এর একটি clause past হলে অন্য গুলোও past tense হবে।**

**<u>Rules-30</u>: শর্তযুক্ত বাক্য(conditional sentence) তিন প্রকার যথা-**

**1- মুক্ত শর্ত (open condition) (হলে ও হতে পারে) –structure : if + simple present tense + future indefinite.**

**2. Imaginary condition (কাল্পনিক শক্তি) - structure: if + simple past tense + sub + could / would / should/might + p.v. present form +others.**

**3. Unfulfilled condition (হতে পারত কিন্তু হয়নি) structure : if + past perfect tense + sub + would have/ should have/ might have p.v.p.p +others.**

**<u>Rules-31</u> : Past perfect tense এর কাজ বুঝাতে Past perfect tense এর অর্থকে বাক্যের বিভিন্ন গঠনেও প্রকাশ করা যায়। যেমন-**
**i. No sooner had -------than**
**No sooner had + sub+ P.V.P.P + than+ পরবর্তী বাক্য Past Indefinite হবে।**

**ii. Scarcely had --------when**
**Scarcely had + sub + p.v.p.p + when + পরবর্তী বাক্য Past Indefinite হবে।**

**iii.Hardly had----------when**
**Hardly had + sub + p.v.p.p + when + পরবর্তী বাক্য Past Indefinite হবে।**

**iv. Past perfect tense +before + past Indefinite**

**v. Past Indefinite + after + past perfect**

**<u>Rules- 32</u> : : Since দিয়ে কারণ না বুঝিয়ে সময় বুঝালে Since যুক্ত sentence এর প্রথম অংশ (Clause) যদি Present Indefinite বা Present Perfect হয় তাহলে since এর (ডান পাশে)পরের বাক্যটি Past Indefinite হয়।**

**<u>Rules-33</u>: Since যুক্ত sentence এর প্রথম অংশ যদি Past Indefinite হয় তাহলে পরের অংশ (since এর ডান পাশে) Past .Perfect হয়।**

**<u>Rules -34:</u> As if / As though যুক্ত sentence এর ডান পাশের বাক্যটি Past Indefinite হয়। এবং <u>:</u> As if / As though যুক্ত sentence এর ডান পাশের বাক্যে যদি auxiliary verb থাকে তাহলে সবসময় উক্ত auxiliary verb টি were হবে।**

## ❖LEARNING OUTCOME:

**(i)Students will have learned how a verb is changed as per context.**

**(ii) They will also have idea about what context is.**

**(iii) The rules regarding correct form of verbs as per context will provide students better understanding of the question.**

**( ছাত্র/ছাত্রীরা context কি এবং context এর কারণে verbএর কিরুপ পরিবর্তন হয় তা জেনে থাকবে এবং context অনুযায়ী verb এর পরিবর্তন সম্পর্কিত কিছু নিয়মাবলীর সূত্রপাত ও আলোচনা ছাত্র/ছাত্রীদেরকে এই প্রশ্ন সম্পর্কে আরও পরিষ্কার ধারণা দিবে।)**

---

## ❖LESSON PLAN -3

## ❖ Discussion on how a verb is changed as per subject(subject এর কারণে verb এর পরিবর্তন বিষয়ক আলোচনা।)

## ❖ Introduction of rules related to correct form of verb as per subject (subject এর কারণে verb এর পরিবর্তন বিষয়ক নিয়মাবলীর সূত্রপাত।)

**<u>subject কিভাবে Verb এর পরিবর্তন ঘটায় বা subject এর কারণে Verb এর সঠিক প্রয়োগ।</u>**

১)বাক্য যদি পড়ে মনে হয় **present tense** তাহলে এর **principal verb** এর **present form** হবে। পাশাপাশি বাক্যের **subject** টি অবশ্যই দেখতে হবে । Subjct এর person ও Number অনুযায়ী এই verb নিয়ন্ত্রিত হয়। **present tense** এ **subject** এর কারণে **principal verb** এর পরিবর্তন হয় বিশেষ করে **subject** টি

যদি singular বা uncountable এবং বাক্যটি যদি **present tense** তাহলে মূল **verb present form** এর সাথে'**s**' বা '**es**' যোগ হবে। তবে **subject** টি যদি plural হয় তাহলে মূল **verb** এর সাথে'**s**' বা '**es**' যোগ হবে না।

**Example : (i)A teacher ----- (teach) his students from the core of his heart.**

**(ii) Road mishap --- (happen) in our country almost everyday**

2) **Subject** ছাড়া **Be verb** পরিবর্তন হবে না - **Be verb** যদি কোন বাক্যের ব্র্যাকেটের মধ্যে থাকে তাহলে এটি **present tense** না **past tense** কিভাবে বুঝা যাবে। সহজ নিয়ম হচ্ছে- বাক্যটি পড়ে বা **context** বা **tense** দেখে। যদি **present tense** হয় তাহলে **Be verb** মানে am, is, are যদি past tense হয় তাহলে was were. এবার দেখব - বাক্যের Subject, be verb নির্ণয় করতে কিভাবে ভূমিকা রাখে : বাক্যের sub যদি singular অথবা uncountable noun হয় তাহলে **Be verb** এর জন্য **present tense** এ is এবং past tense এ was এবং বাক্যের Sub যদি plural হয় তাহলে **Be verb** এর জন্য **present tense** এ are এবং past tense এ were বসবে । শধুমাত্র ব্যতিক্রম হিসেবে বাক্যের Subject এ যদি `I' থাকে তাহলে **present tense** এ am বসবে ।

**Example – (i) Kuakata locally known as Sagar Kannya ----- (be) an uncommon scenic spot of Bangladesh.**

**(ii) Parents ---- (be) blessings of God to us.**

**(iii) Jerry, an orphan, ----- (be) four when he came to the orphanage.**

**(iv) Before I went to bed, I double checked every door and every window to make sure that they --- (be) locked.**

৩) **Subject** ছাড়া **have verb** পরিবর্তন হবে না - **have verb** যদি কোন বাক্যের ব্র্যাকেটের মধ্যে থাকে তাহলে এটি **present tense** না **past tense** কিভাবে বুঝা যাবে। সহজ নিয়ম হচ্ছে- বাক্যটি পড়ে বা **context** বা **tense** দেখে। যদি **present tense** হয় তাহলে **have verb** মানে have বা has যদি past tense হয় তাহলে had. এবার দেখব - বাক্যের Subject have verb নির্ণয় করতে কিভাবে ভূমিকা রাখে :বাক্যের sub যদি singular অথবা uncountable noun হয় তাহলে **have verb** এর জন্য **present tense** এ **has** এবং past tense এ had এবং বাক্যের Sub যদি plural হয় তাহলে **have verb** এর জন্য **present tense** এ **have** এবং past tense এ had বসবে । শধুমাত্র ব্যতিক্রম হিসেবে বাক্যের Subject এ যদি `I' এবং `you' থাকে তাহলে **present tense** এ **have** বসবে ।

**Example – (i) The Tajmahal ---- (have) eight sides and many open arches.**

**(ii) Many persons live in a society and they ---- (have) the same right that one ---- (expect) from one's society.**

**(iii) Hamlet saw a ghost and spoke to it. He thought that the ghost ----- (have) some message for him.**

**বিশেষ দ্রষ্টব্য ## subject কিভাবে Verb এর পরিবর্তন ঘটায় বা subject এর কারণে Verb এর সঠিক প্রয়োগ নিয়ে আরও বিস্তারিত আলোচনা রুলস ০১ থেকে ১৫ পর্যন্ত দেয়া হয়েছে।**

## Right form of verb based on subject (subject এর কারণে Verb এর সঠিক প্রয়োগ)

**Rules-1:** **sub** যদি **singular** অথবা **uncountable noun** হয় এবং এর পরে যদি **primary Auxiliary verb (am, is, are, was, were, have has, had,** ইত্যাদি) বসে তাহলে উক্ত **verb** টি **singular(is was, has had,does)** হবে।

**Rules-2:** **Sub** যদি **plural** হয় তাহলে এর পরে **primary auxiliary verb** টি **plural (are , were,have , had, do),** হয়।

**Rules-3:** **Sub** যদি **singular** অথবা **uncountable noun** হয় এবং বাক্যটি যদি **present indefinite tense** হয় এবং যদি **auxiliary verb** না থাকে তাহলে **principal verb** সাথে **s** বা **es** যুক্ত হবে (**pronoun** ক্ষেত্রে **1st** ও **2nd person** ছাড়া)।

**Rules- 4:** **Sub** যদি **plural** হয় এবং এর পরে বাক্যটি যদি **present indefinite tense** এ থাকে তাহলে **principal verb** টির সাথে কোন **'s'** বা **'es'** যোগ হবেনা।

**Rules-5:** দুই বা ততোধিক **Sub "And** দ্বারা যুক্ত হয় তাহলে এর পরে **auxiliary verb** টি **plural verb** হবে। **Present indefinite tense** এ **auxiliary verb** না থেকে যদি **principal verb** খাকে তাহলে **s** বা **es** যুক্ত হবেনা।

**Rules-6:** কোন **Sentence** যদি **introductory 'there'** দ্বারা শুরু হয় এবং তার পর যদি **noun** বা **pronoun singular** হয় তাহলে **singular verb** বসে আর **Noun pronoun** যদি **plural** হয় তাহলে **plural verb** হবে।

**Rules-7:** দুই এর অধিক **subject** যদি **with, together, as well as, along with, accompanied by** (কারো সাথে চলা), **in addition** (অতিরিক্ত) ইত্যাদি শব্দ দ্বারা যুক্ত হয় তাহলে **verb** টি প্রথম **sub** অনুযায়ী হবে।

**Rules-8:** **A few, few, all of the, most of the, both of the, some of the, the rest of the, a number of, a lot of, majority of, a many** ইত্যাদির পর **plural verb** হয়।

**Rules-9:** কোন **Sentence** এ **each, every, everyone any, anyone, anybody, no one, nobody, somebody,someone, many a, nothing, anything** ইত্যাদি **subject** এ ব্যবহৃত হয় তাহলে এগুলোর পরে **verb** টি **singular** হবে।

**Rules- 10:** **'Of the'** দ্বারা দুইটি **sub** যুক্ত হলে প্রথম **sub** অনুযায়ী **verb** বসে ।

**Rules-11:** কিছু কিছু **Noun** আছে যাদের **plural** মনে হলেও তারা প্রকৃতপক্ষে **singular sub** ও **singular verb** কে নির্দেশ করে। যেমন **News, civics, politics, information, wages, mathematics, statistics, economics** ইত্যাদি

**Rules-12:** কিছু কিছু **Noun** আছে যাদের **singular** মনে হলেও তারা প্রকৃতপক্ষে **plural** এবং **plural verb** কে নির্দেশ করে যেমন **people, mankind, police, dozen, cattle, poetry** ইত্যাদি |

**Rules-13:** **Sub** এ যদি নির্দিষ্ট পরিমান দৈর্ঘ্য, দূরত্ব বা পরিমাণ বুঝাতে কোন শব্দ ব্যবহৃত হয় তাহলে তার পরে **verb** টি সর্বদাই **singular** হবে। যেমন : **Seventy miles, twenty dollars etc.**

**Rules-14:** ভগ্নাংশ যদি **Sub** এ ব্যবহৃত হয় তাহলে **one third** এর ক্ষেত্রে **singular** এবং **two third, two fourth** ইত্যাদি ভগ্নাংশের ক্ষেত্রে **plural verb** হবে।

**<u>Rules-15</u>: দুই বা ততোধিক Sub যদি either- or, neither---nor অথবা বা or, বা Not only……but also দ্বারা যুক্ত হয় তখন শেষ sub অনুযায়ী auxiliary verb টি বসে।**

# ❖LEARNING OUTCOME:

**(i) Students will have learnt how Subject changes verb into different forms.**

**(ii) They will also have learnt about some important rules related to correct form of verb as per subject**

**(ছাত্র/ছাত্রীরা verb এর সঠিক রুপ পরিবর্তনে এর Subject ভূমিকা সম্পর্কে জানতে পারবে এবং এ সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ নিয়মকানুন সম্পর্কে জানতে পারবে।**

---

# ❖LESSON PLAN -4

# ❖Introducing more rules (visible clues and Passive voice) in connection with changing of verb(verb এর পরিবর্তনে দৃশ্যমান সূত্রাবলী এবং Passive voice সম্পর্কিত আরো কিছু নিয়মাবলী উপস্থাপন ।)

**<u>Visible clues/দৃশ্যমান সূত্রাবলীর কারণে ব্র্যাকেটের ভিতরে verb এর সঠিক প্রয়োগ/correct form of verb</u>**

১) বাক্যটি যদি **active voice** হয় এবং শূন্যস্থানের আগে **am, is, are, was, were, have been, has been** ইত্যাদি **auxiliary verb** থাকলে ব্র্যাকেটের **verb** এর সঙ্গে **ing form** হবে।

২) **Preposition (in, on, at, of, with, about, by, without, for, from, after, before, over, into, upon, against )** এর পর **braket** এর **verb** এর পর **present. Form** এর সাথে **ing** যুক্ত হয়।

৩) বাক্যে যদি **with a view to** (উদ্দেশ্য) **/ look forward to** (আশা করা) **/ would you mind** (অনুরোধ বুঝাতে) **/ mind/ feel like/while** প্রভৃতি শব্দ থাকলে verb এর সাথে ing যুক্ত হয়।

৪) বাক্যের শুরুতে ব্র্যাকেটের **verb** থাকলে উক্ত **verb** এর সাথে ing যোগ হবে।

৫) বাক্যটি যদি **active voice** হয় এবং শূন্যস্থানের আগে যদি **modal verb(may,might,can,could,should,ought to, must/have to, would used to,need dare)**অথবা **'infinitive to'** থাকে তাহলে শূন্যস্থানের **verb** টির **present form** বসবে।

৬) শূন্যস্থানের আগে **be ,being, have, has, had, having ,get, got, getting, remain, become ,feel** থাকলে **verb** এর **past participle** হবে।

**বিশেষ দ্রষ্টব্য ## Visible clues/দৃশ্যমান সূত্রাবলীর কারণে ব্র্যাকেটের ভিতরে verb এর সঠিক প্রয়োগ/ correct form of verb – এ বিষয়ে আরও বিস্তারিত আলোচনা রুলস ৩৫ থেকে ৪৫ পর্যন্ত**

## Passive voice এর কারণে ব্র্যাকেটের principal verb কি রকম পরিবর্তন হয়।

ইংরেজি বাক্যের সময় ও কাজ((**tense or context**) দেখার পাশাপাশি মাঝে মধ্যে বাক্যটি **active voice** না **passive voice** দেখতে হয়। **passive voice** হলে ব্র্যাকেটের **principal verb** এর একটু ভিন্ন রকম পরিবর্তন হবে। কিভাবে বোঝা যাবে বাক্যটি **active voice** না **passive voice** । বাক্য পড়ে যদি মনে হয় বাক্যের **Sub** নিজে নিজে কাজ করতে পারছেনা বা অন্যের দ্বারা কাজ হয়েছে বুঝায় তাহলে বাক্যটি **passive voice** হবে এবং **tense** অনুযায়ী **verb** এর **auxiliary verb** সহ **past participle** হবে। অর্থ্যাৎ বাক্যের **subject** নিস্ক্রিয় থাকে।

**Example : English -----(learn) to communicate with the foreigners for various purposes.**

**Visible clues/দৃশ্যমান সূত্রাবলীর কারণে ব্র্যাকেটের ভিতরে verb এর সঠিক প্রয়োগ/correct form of verb**

**Rules -35** **Preposition (in, on, at, of, with, about, by, without, for, from, after, before.over, into, upon )** এর পর **braket** এর **verb** এর পর **present. Form** এর সাথে **ing** যুক্ত হয়।
**Rules -36** **Verb** এর পরে **by** থাকলে **tense** অনুযায়ী **auxiliary verb** সহ **verb** এর **past participle** হবে।

**Rules -37** **Sub** যদি নিজে নিজে কাজ করতে না পারে বা অন্যের দ্বারা কাজ হয়েছে বুঝায় তাহলে বাক্যটি **passive voice** হবে এবং **tense** অনুযায়ী **verb** এর **auxiliary verb** সহ **past participle** হবে। অর্থ্যাৎ বাক্যের **subject** নিস্ক্রিয় থাকে।

**Rules -38** যদি বাক্যটি **passive** এ থাকে তবে **am, is, are, was, were, have been, has been, shall be, will be, can be, could be, must be, would be, might be** ইত্যাদির পর মুল **verb** এর **past participle** হবে **(N.B. sentence** তখনই **passive** হয় যখন বাক্যের **subject/ agent** নিস্ক্রিয় থাকে। যেমনঃ **The pen is lost. Rice is eaten the work has been done. The work can be done. The boy should not be punished.**

**Rules -39** বাক্যে যদি **get, getting , be , being** ইত্যাদি পর মুল **verb** এর **past participle** হবে

**Rules -40** **Do/does (Present Tense) & Did (Past tense) Interrogative** ও **Negative sentence** এ ব্যবহৃত হয় ।

**Rules -41** **Relative pronoun (who/ which/ that)** ইত্যাদি সহযোগে গঠিত বাক্যে **Relative pronoun** এর পূর্বে ব্যবহৃত **subject** অনুযায়ী **verb** হবে।

**<u>Rules -42</u>** **While** এর পরে **Verb** থাকলে তাহলে উক্ত **verb** এর সাথে **ing** যুক্ত হয়।

**<u>Rules -43</u>** **Infinitive 'To'** এর পরে **Verb** থাকলে তাহলে উক্ত **verb** এর **Present form** হয়।

**<u>Rules -44</u>** **Adjective** এর পূবে **The** থাকর্লে **Verb plural** হয়।

**<u>Rules -45</u>** **Had better,rather, would rather, better, sooner** ইত্যাদির পরে **verb** এর **present form** হয় এবং **verb** এর আগে **To** বসে না

## LEARNING OUTCOME:

**(i)Students will have gathered idea about how visible clues and passive voice play role in changing verb by reading some more rules regarding correct form of verb)(ছাত্র/ছাত্রীরা verb এর পরিবর্তনে দৃশ্যমান সূত্রাবলী এবং Passive voice এর ভূমিকা সম্পর্কিত আরও কিছু নিয়মবলী পড়ে ভাল ধারণা অর্জন করবে।**

---

## ❖ LESSON PLAN -5: EVALUATION(মূল্যায়ন)

## ❖ Getting feedback from the students based on the discussion on *CORRECT FORM OF VERB* by giving them some questions in the form of Fill in the blanks. (*CORRECT FORM OF VERB* এর উপর আলোচনার ভিত্তিতে বোর্ডের *CORRECT OF VERB* সংক্রান্ত কিছু প্রশ্ন শূন্যস্থান পূরণ আকারে দিয়ে ছাত্র/ছাত্রীদের মূল্যায়ন যাচাই।)

### ❖ <u>The following questions are produced from all Board Questions-2019</u>

**Read the text and fill in the gaps with the correct form of verbs as per subject and context:-**

**0.5×10 = 5**

**1. Cricket is a popular game. Both the young and the old (a) ___ (get) pleasure from this game. In fact, cricket (b) ___ (call) the gentleman's game. It (c)___ (entertain) us with politeness and discipline. A sense of brotherhood and fraternity (d)___ (create) among the playing nation through it. At present cricket is the most popular game in Bangladesh. The English (e) ___ (play) it here in the subcontinent and since then it**

(f) ___(become) an integral part of our entertainment. Our team (g) ___ (consist) of skilled players. They already (h)___(show) their performance in several matches. But it is a matter of sorrow that sometimes our players (i) ___ (play) so poorly that our countrymen (j) ___ (become) astonished.

2. (a) ___ (Teach) is noble profession. A teacher (b) ___ (teach) his students from the core of his heart. He teaches his students with a view to (c) ____ (give) the light of education. By (d) ____ (get) the light of education, students can (e) ____ (enlighten) their inside. The students (f)____ (learn) their lessons now as their teachers (g) ____ (instruct) them. But the students now-a-days act as though they (h) ___ (know) everything. They are not (i) ____ (pay) heed to their teacher's advice. But the students must be careful in their studies lest they (j) ____ (fail) to secure good marks.

3.A poor man was once (a) ____ (put) in jail, although he (b) ____ (do) no wrong. After a long time, the king of the state (c)____ (visit) the jail and the man told him that he was innocent but a case (d) ____ (file) against him by some of his enemies. The king (e) ____ (inquire) privately and (f) ___ (find) that it was true. He (g) ____ (give) the man some money and set him free. The man went straight to the market. In a shop there, wild birds (h) ____ (keep) in cages for sale. He said to the shopkeeper, I wish to buy all the birds of your shop. These birds unjustly (i) ____ (imprison) and I like to (j) ____ (set) them free.

4. Most of the people who a) ___ (appear) most often and most gloriously in the pages of history b) ___ (be) great conquerors and generals. Whereas, the people who really c) ___ (help) civilization forward are often never d) ___ (mention) at all. We do not know who first e) ___ (set) a broken leg or (f) ___ (launch) a sea worthy boat or g) ___ (calculate) the length of a year. The great men are those who h) ___ (work) ceaselessly to quicken the pace of civilization. On the contrary, the condemned men are those who i) ___ (cause) bloodshed and violence in the world. All of us j) ___ (adore) the great men of the world.

5. Kuakata, locally a) ___ (know) as Sagar Kannya b) ___ (be) an uncommon scenic spot of Bangladesh. Kuakata c) ___ (take) its origin from the story of a `Kua' or well-dug on the sea-shore. It d) ___ (allow) a visitor to watch both the sunrise and the sunset from the beach. The beach e) ___ (have) a typical natural setting. This sandy beach f) ___ (slope) gently into the Bay and g) ___ (bathe) there is as pleasant as is swimming or diving. Fishing boats h) ___ (play) in the Bay of Bengal and i) ___ (surf) waves add to the vibrant colours of Kuakata. Steps j) ___ (take) to preserve the beauty of the famous beach.

6. Man is a social and rational being. He a) ___ (have) freedom of choice, thought and expression. But everybody should b) ___ (consider) that he is not the only person in a society. There (c) ___(be) many persons in the society and they d) ___(have) the same right that one e) ___ (expect) from one's society. So, to f) ___ (form) a peaceful society, one should be watchful to see that other's rights are not violated. Every citizen must g) ___ (cultivate) the habit of obeying the rules and regulations of the society. Selfishness h) ___ (not help) the society. Rather it i) ___ (destroy) the peace and happiness of others. So, we all j) ___ (think) of the greater interest of the society.

**7. When I was child I a) ___ (be) afraid of the dark and I b) ___ (go) to sleep with a light on. Even then, I feared that monsters c) ___ (climb) in through my bedroom window. Every sound I d) ___ (hear) struck fear into me. Often, I ran away from the room and e) ___ (sleep) on the floor at the foot of my parent's bed. Now that I f) ___ (be) almost twenty, I obviously do better than what I g) ___ (do) as child. However, I h) ___ (be) still scared of bedtime. I hate i) ___ (sleep) alone, and I still keep a tiny night-light on. And before I go to bed, I double check every door and every window to make sure that they j) ___ (be) locked.**

**8. Once there a) ___ (live) an idle king. he b) ___ (not undergo) physical labour. As a result, he c) ___ (get) bulky and could not move from one place to another. He d) ___(call) in a doctor. The doctor e) ___ (be) clever and wise. He did not f) ___ (prescribe) any medicine for the king. He asked the king to buy a club and g) ___ (move) it in the air till his hands h) ___ (get) moistened. The king started i) ___ (follow) the prescription. Thus the king j) ___ (relieve) of his problem.**

## ❖ LEARNING OUTCOME:

(i)There is a proverb: **"I do, I understand". So, students hopefully will get enough idea on the proper uses of *CORRECT FORM OF VERB* by practicing the above Board questions (**একটি প্রবাদ আছে - 'আমি অনুশীলন করি, তাই আমি বুঝতে পারি।' সুতরাং বোর্ডের প্রশ্নগুলো অনুশীলনের মাধ্যমে ***CORRECT FORM OF VERB*** সম্পর্কে সঠিক ধারণা অর্জন ও এদের সঠিক ব্যবহার শিখবে ।)

STAY INSIDE AND KEEP COVID OUTSIDE

THANK YOU ALL